

জীবন বীমা কর্পোরেশন

প্রধান কার্যালয়

টি.এ ডিভিশন

২৪, মতিঝিল বা/এ, ঢাকা।

স্মারক নং: ৫৩.১৯.৯০০১.০০৭.২৫.০০০.১৮-১৮৮


তারিখ: ০৬.০৫.২০১৮খ্রি:

“অফিস আদেশ”

বিষয়:- তামাদি ও অনিয়মিত পলিসির পুনর্বহাল নীতিমালার সহজিকরণ।

বীমাগ্রহীতাদের ত্বরিত সেবা প্রদানের জন্য তামাদি/অনিয়মিত পলিসির পুনর্বহাল এবং নবায়ন প্রিমিয়াম আয় বৃদ্ধির স্বার্থে পুনর্বহাল নীতিমালা সহজতর করে নিম্নোক্তভাবে পুনর্বিন্যাস করা হলো।

- ১। তামাদি ও অনিয়মিত বকেয়া প্রিমিয়ামের দেয় তারিখ হতে ১ বছরের মধ্যে পুনর্বহাল করা হলে শুধুমাত্র একটি সুস্বাস্থ্যের ঘোষণাপত্র (DGH) প্রদানের মাধ্যমে পুনর্বহাল করা যাবে।
- ২। বকেয়া প্রিমিয়ামের দেয় তারিখ হতে এক বছরের উর্ধ্বে এবং ২ বছরের মধ্যে একটি পূর্ণ ডাক্তারী রিপোর্ট (FMR) নিয়ে পুনর্বহাল করা যাবে।
- ৩। বীমাগ্রাহকের বর্তমান বয়স যদি অনূর্ধ্ব ৪৫ বছর হয়, বীমাপত্রটি যদি ডাক্তারী পরীক্ষা বিহীন স্কিমের আওতায় গ্রহণ হয়ে থাকে এবং তামাদি/অনিয়মিত থাকার সময় পাঁচ বছরের অধিক না হয়ে তাহলে টা: ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকা বীমা বুকি পর্যন্ত বীমাপত্রের পুনর্বহালের সময় বীমাগ্রাহকের নিকট হতে শুধুমাত্র সুস্বাস্থ্যের ঘোষণা (DGH) গ্রহণ করে পুনর্বহাল করা যাবে।
- ৪। জেবিসি মাসিক সঞ্চয়ী স্কিম (টেবিল নং- ৬১), জেবিসি প্রত্যাশিত মাসিক সঞ্চয়ী স্কিম (টেবিল নং- ৬২), সামাজিক নিরাপত্তা স্কিম (টেবিল নং-৬৩) এবং প্রমিলা ডিপিএস স্কিম (টেবিল নং- ৬৪) সমূহের তামাদি/অনিয়মিত থাকার সময় পাঁচ বছরের অধিক না হয়। পুনর্বহাল এর সময়ে বীমাগ্রাহকের নিকট হতে শুধুমাত্র ডিজিএইচ গ্রহণ করে পুনর্বহাল করা যাবে।
- ৫। সাধারণত ২ বছরের প্রিমিয়াম প্রদানের পর অপশন কার্যকর হয়। অপশন “এ” এর ক্ষেত্রে ২ বছর বা ততোধিক বছরের প্রিমিয়াম প্রদানের পর পরবর্তীতে প্রিমিয়াম অনুগ্রহ কালের মধ্যে প্রদান না করলেও পরবর্তী ১ বছরের মধ্যে (DGH) গ্রহণ ব্যতিত পলিসি পুনর্বহাল করা যাবে।
- ৬। অপশন “সি” এর ক্ষেত্রে যে সকল পলিসি ০২ বছরের প্রিমিয়াম জমা প্রদান করেছেন। অনুগ্রহ কাল ৩০ দিনের মধ্যে প্রদান না করলে বর্ধিত ৩০দিন অর্থাৎ ৬০ দিনের মধ্যে প্রিমিয়াম প্রদান করলে কোন প্রকার (DGH) ছাড়া প্রিমিয়াম সমন্বয় করা যাবে।
- ৭। অন্যান্য ক্ষেত্রে পূর্বের নিয়ম যথারীতি বহাল থাকবে।
কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ অফিস আদেশ জারি করা হলো।


(আফতাব উদ্দীন মোহাম্মদ)
ডেপুটি জেনারেল ম্যানেজার-টি.এ।

কার্যার্থে:- সকল রিজিওনাল ইনচার্জ, ইনচার্জ সকল কর্পোরেট সেবা দপ্তর, প্রিমিয়াম কালেকশন বুথ।

প্রতিলিপিঃ

- ১। জেনারেল ম্যানেজার -উন্নয়ন ডিভিশন, জীবীক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। জেনারেল ম্যানেজার- আই.সি.টি. ডিভিশন, জীবীক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। জেনারেল ম্যানেজার-হিসাব ও অর্থ, জীবীক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। ডেপুটি জেনারেল ম্যানেজার- অভ্যন্তরীণ অডিট ও পরিদর্শন বিভাগ, জীবীক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। ম্যানেজার-জনসংযোগ বিভাগ, জীবীক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। পি এস টু এমডি- এমডি মহোদয়ের সদয় অবগতির জন্য।